# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৩৮

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - বিয়ের ওয়ালী (অভিভাবক) এবং নারীর অনুমতি গ্রহণ প্রসঙ্গে

---

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ وَابْنِ عَبَّاسٍ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «من وُلِدَ لَهُ وَلَدٌ فَلْيُحْسِنِ اسْمَهُ وَأَدَبَهُ فَإِذَا بَلَغَ فَلْيُزَوِّجْهُ فَإِنْ بَلَغَ وَلَمْ يُزَوِّجْهُ فَأَصَابَ إِثْمًا فَإِنَّمَا إثمه على أَبِيه»

## বাংলা

৩১৩৮-[১৩] আবূ সা’ঈদ ও ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তাঁরা উভয়ে বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তির কোনো সন্তান (ছেলে বা মেয়ে) জন্মগ্রহণ করে, সে যেন তার উত্তম নাম রাখে। আর (উত্তম) আচার-আচরণ শিক্ষা দেয় এবং যখন বয়ঃপ্রাপ্ত হয় তখন যেন তার বিয়ে দেয়। বয়ঃপ্রাপ্তির পর যদি বিয়ে না দেয় এবং ঐ সন্তান যদি কোনো পাপ করে, তবে ঐ পাপের বোঝা পিতার ওপর বর্তাবে।[1]

## ফুটনোট

[1] য’ঈফ : শু‘আবুল ঈমান ৮২৯৯, য’ঈফাহ্ ৭৩৭। কারণ এর সনদে সা‘ঈদ বিন ইয়াস যার মুখস্থ বিষয়গুলো তালগোল হয়ে গিয়েছিল আর তার থেকে শাদ্দাদ বিন সা‘ঈদ এর শ্রবণ ইখতিলাত্বের আগের না পরের তা জানা যায় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68465

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন